



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
নগরকান্দা, ফরিদপুর।  
(www.food.nagarkanda.faridpur.gov.bd)



## নিয়োগ বিজ্ঞপ্তি

নগরকান্দা উপজেলার নিম্ন বর্ণিত ইউনিয়নের পার্শ্ববর্তিত হাট-বাজারের বিপরীতে শূন্য পদে “খাদ্যবান্ধব কর্মসূচীর” আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শর্ত সাপেক্ষে ০২ (দুই) জন ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীর নিকট হতে নিম্ন-স্বাক্ষরকারী বরাবর আগামী ৩০/০৫/২০২৩খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে দরখাস্তের আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	ইউনিয়ন	হাট বাজার/বিক্রয় কেন্দ্রের নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা
১	তালমা	রসুলপুর বাজার	খাদ্যবান্ধব ডিলার	০১(এক) জন
২	চরযশোরদী	নিখোরহাটি খেয়া ঘাট	খাদ্যবান্ধব ডিলার	০১(এক) জন

### শর্তাবলী :-

- আবেদনকারীর সংশ্লিষ্ট বিক্রয় কেন্দ্রে/বাজারে নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে;
- আবেদনকারীকে খাদ্যশস্যে/সাধারণ ব্যবসায়ী হতে হবে;
- দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে;
- দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫.০০০(পনের) মে.টন খাদ্যশস্য ০১ (এক) মাস সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে;
- আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে এবং রেজিস্টার পতিপালনসহ হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িক বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ দেয়া হবে না;
- একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীর ডিলার হতে পারবে না;
- কোন সরকারী কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবে না;
- ডিলারের নিকট থেকে সরকার নির্ধারিত পরিমাণ টাকা পে-ভরুডার আকারে (ফেরতযোগ্য) জামানত জমা নেয়া হবে এবং ডিলারের নিকট থেকে শর্তাবলী সম্বলিত ৩০০/-টাকার (পরিবর্তনযোগ্য) নন-জ্যুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গিকারনামা নেয়া হবে;
- আবেদনের সাথে পাসপোর্ট সাইজের ০৪(চার) কপি ছবি, জাতীয় পরিচয়পত্র, নাগরিক সনদ, ড্রেড লাইসেন্স, ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদ ও ঘরের কাগজপত্র সহ (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)। আগামী ৩০/০৫/২০২৩খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে।

২০/০৫/২০২৩

(মোহাম্মদ আফজাল হোসেন)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

নগরকান্দা, ফরিদপুর।

তারিখ: ২০/০৫/২০২৩খ্রি.

স্মারক নং-১৩.০১.২৯৫৬.০০২.৫৭.০০২.২২-৬৫৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

- মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর -২।
- জেলা প্রশাসক, ফরিদপুর।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।
- উপজেলা.....কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।
- চেয়ারম্যান/সচিব.....ইউনিয়ন পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
- নোটিশ বোর্ড।
- দপ্তর নথি।

২০/০৫/২০২৩

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

নগরকান্দা, ফরিদপুর।